

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ  
চীফ টেকনিক্যাল ম্যানেজারের কার্যালয়  
ন্যাশনাল ইলেকট্রো মেডিকেল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স  
ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ অ্যান্ড টিসি)  
মহাখালী, ঢাকা- ১২১৩।  
www.nememw.gov.bd

স্মারকনং-৪৫.০০.২৬০০.০০২.০৫.০০১.১৫-৬৭৩

তারিখঃ ০৪/০৩/২০২০খ্রি.

তত্ত্বাবধায়ক  
কুয়েত-বাংলাদেশ মৈত্রী হাসপাতাল  
উত্তরা, ঢাকা।

বিষয় : করোনা ভাইরাস মোকাবেলায় ICU Ventilator স্থাপন, প্রশিক্ষণ ও বুকে নেয়া প্রসঙ্গে।

সূত্র : স্বাস্থ্য সেবা বিভাগের পত্র নং: ৪৫.০০.৬৮১৩.১৫৫.০২.০২২.১৮-১৩৮; তারিখঃ ২৩/০২/২০২০ খ্রি.

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে সম্ভাব্য করোনা ভাইরাস আক্রান্ত রোগীদের সেবা প্রদানের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক নিমিউ এন্ড টিসি'র সুপারভিশনে ১০টি ICU Ventilator সহ পূর্ণাঙ্গ ICU মেরামত পূর্বক ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল হতে কুয়েত-বাংলাদেশ মৈত্রী হাসপাতালে স্থাপনের জন্য পত্র প্রদান করা হয়। এ প্রেক্ষিতে গত ০২/০৩/২০২০ তারিখে ১০টি ICU bed, ০২টি ICU Ventilator এবং ০২টি Patient Monitor মেরামতপূর্বক কুয়েত-বাংলাদেশ মৈত্রী হাসপাতালে স্থাপন করা হয়েছে। অবশিষ্ট ৮টি ICU Ventilator, ৮টি Patient Monitor, File Cabinet, Syringe Pump, Infusion Pump সহ আনুষঙ্গিক মালামাল আগামী ০৫/০৩/২০২০ খ্রি. তারিখে ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল থেকে কুয়েত-বাংলাদেশ মৈত্রী হাসপাতালে সরবরাহকারী প্রতিষ্ঠান Ardent Systems কর্তৃক স্থানান্তর করত: চালু করে বুঝিয়ে দেয়া হবে। এছাড়া একই দিন বিকাল ৩:০০-৫:০০ টা পর্যন্ত সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক কুয়েত-বাংলাদেশ মৈত্রী হাসপাতালের সংশ্লিষ্ট Anesthesiologist, চিকিৎসক, টেকনিশিয়ান ও নার্সদের ICU Ventilator operate করার বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে।

২। এমতাবস্থায়, ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল থেকে সরবরাহকারী প্রতিষ্ঠান Ardent Systems কর্তৃক মোট ১০টি ICU Ventilator, ১০টি ICU Bed, Patient Monitor সহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি কুয়েত-বাংলাদেশ মৈত্রী হাসপাতালে স্থাপন করত: চালু অবস্থায় বুকে নেবার জন্য এবং ICU Ventilator ব্যবহারের সাথে সংশ্লিষ্ট Anesthesiologist, চিকিৎসক, টেকনিশিয়ান ও নার্সদের আগামী ০৫/০৩/২০২০ তারিখ বেলা ৩:০০-৫:০০ টা পর্যন্ত প্রশিক্ষণ নেবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



মোহাঃ আমিনুর রহমান

চীফ টেকনিক্যাল ম্যানেজার

(উপ সচিব)

ফোনঃ ০২-৫৮৮১০৬১৩

E-mail nememw.govt.bd@gmail.com

অনুলিপি সদয় অবগতির জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ।

৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৫। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৬। পরিচালক (আইইডিসিআর), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৭। টেকনিক্যাল ম্যানেজার (রিপেয়ার), নিমিউ, মহাখালী, ঢাকা।

৮। শাখা প্রধান (ইলেকট্রনিক্স), নিমিউ, মহাখালী, ঢাকা।

৯। ARDENT SYSTEMS, House#36, Road#05, Block#G, SuiteC1, Banani, Dhaka-1212 (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।